

পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

নৈসর্গিক।। ভুটানঘাটের ছবিটি তুলেছেন আলিপুরদুয়ারের অনুপম চৌধুরী।

## ব্লক নেতাদের বার্তা তৃণমূলের জেলা সভাপতির
# নিষ্ক্রিয়দের সরানোর ইঙ্গিত

**গৌরহরি দাস**

**কোচবিহার, ২৬ জুন :** আসন্ন বিধানসভা ভোটের কথা মাথায় রেখে ফের ব্লক ও গ্রাম পঞ্চায়েত স্তরে নেতৃত্বের পরিবর্তন আনতে চাইছে তৃণমূল। বৃহস্পতিবার তৃণমূলের যুব, শ্রমিক ও মূল সংগঠনের ব্লক সভাপতিদের নিয়ে বৈঠক করে শাসকদল। সেখান থেকে বার্তা দেওয়া হয়েছে, যাঁরা দলে নিষ্ক্রিয় হয়ে রয়েছেন, দীর্ঘদিন ধরে কোনও কাজই করছেন না কিংবা যাঁদের কাজকর্ম দল ঠিক বলে মনে করছে না তাঁদের সরিয়ে এবার অন্যদের দায়িত্ব দেওয়া হবে। এই ঘোষণার পরেই ব্লক ও অঞ্চল নেতৃত্ব থেকে কাদের সরানো হবে তা নিয়ে জেলায় তৃণমূলের অন্দরে চাঞ্চল্য ছড়িয়েছে। এনিয়ে তৃণমূলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক বলেন, 'দলে নিষ্ক্রিয় হয়ে পড়া দুই-একজন নেতাকে সরানো হবে। তবে তাঁরা জেলা কমিটিতে থাকবেন।'

বৃহস্পতিবার কোচবিহারে তৃণমূলের জেলা কার্যালয়ে ব্লক স্তরের নেতৃত্বকে নিয়ে বৈঠক করে জেলা নেতৃত্ব। বৈঠকে ব্লকের নেতাদের পাশাপাশি জেলা সভাপতি



কোচবিহার তৃণমূল কংগ্রেসের জেলা কার্যালয়ে বৈঠক। ছবি : জয়দেব দাস।

সহ তৃণমূল মহিলা সংগঠনের জেলা সভানেত্রী শুচিস্মিতা দেবশর্মা, শ্রমিক সংগঠনের জেলা সভাপতি রাজেন্দ্রকুমার বৈদ, তৃণমূল যুব কংগ্রেসের জেলা সভাপতি স্বপন বর্মন, সহ সভাপতি সায়নদীপ গোস্বামী প্রমুখ উপস্থিত ছিলেন। আসন্ন বিধানসভা নির্বাচনে দল ব্লক স্তরের নেতৃত্বের কাছ থেকে কী চায়, কীভাবে নিজেদের এলাকায় নির্বাচনের কাজ এখন থেকেই শুরু করতে হবে সেসব নিয়ে কথা বলেছেন অভিজিৎ। একইসঙ্গে পদে থেকেও যাঁরা দলের স্বার্থে সঠিকভাবে কাজ করছেন না, মিটিং-মিছিলে উপস্থিত থাকছেন না তাঁদের দল যে চিহ্নিত করছে তাও স্পষ্ট করেন তিনি। এক্ষেত্রে ব্লক সভাপতিরাই যে প্রাথমিক টার্গেট সেই ইঙ্গিতও মিলেছে।

ইতিমধ্যেই দলের শ্রমিক সংগঠনের জেলা সভাপতি পরিমল বর্মন ও যুব সভাপতি কমলেশ অধিকারীকে তাঁদের পদ থেকে সরানো হয়েছে। সে নিয়ে দলের অন্দরে এখন জোর গুঞ্জন। রাজনৈতিক মহলের মতে, পরিমল রবীন্দ্রনাথ ঘোষের এবং কমলেশ পার্থপ্রতিম রায়ের ঘনিষ্ঠ ছিলেন। আর এঁদের দুজনের সঙ্গেই হিপ্পির সম্পর্ক তেমন ভালো ছিল না। পরিমলের বিভিন্ন কাজকর্ম নিয়েও একাধিকবার বিরোধ বেধেছে। সেটাই ওই দুজনকে পদ থেকে সরানোর মূল কারণ বলে মনে করছে বিশেষজ্ঞ মহল। এরপর সংগঠনে কোন কোন নিষ্ক্রিয় ব্লক সভাপতিকে সরানোর জন্য চিহ্নিত করা হচ্ছে তা নিয়ে চর্চা তুঙ্গে পৌঁছোবে।

অপরদিকে, শাখা সংগঠনগুলির পাশাপাশি দলের মূল সংগঠনেও কোচবিহার-২ ব্লকের সভাপতি সজল সরকারের সঙ্গে হিপ্পির সম্পর্ক আদায়-কাঁচকলায়। ব্লকের বিভিন্ন কর্মসূচি নিয়ে জেলা সভাপতির সঙ্গে একাধিকবার তাঁর বিরোধ দেখা গিয়েছে। দলীয় কাজে দেখা যায় না বলে অভিযোগ রয়েছে। ফলে ব্লক স্তরের যে দুই-একজন নেতাকে সরানোর ইঙ্গিত এদিন হিপ্পি দিয়েছেন, তার মধ্যে সজল রয়েছেন কি না সেটাই প্রশ্নই উঠছে জেলার রাজনীতিতে। অন্যদিকে যে সমস্ত এলাকায় আগে বিরোধীরা শক্তিশালী ছিল, সেইসব জায়গায় তৃণমূল বর্তমানে লাগাতার মিটিং, মিছিল শুরু করেছে। পাশাপাশি প্রতিটি বিধানসভা এলাকাতেও বাইক মিছিল করার সিদ্ধান্ত নিয়েছে শাসক শিবির। ফলে নির্বাচনের প্রায় দশ মাস আগে থেকে যে তৃণমূল কোমর বাঁধছে তা বলার অপেক্ষা রাখে না।

**জোর জল্পনা**

- বৃহস্পতিবার কোচবিহারে তৃণমূলের জেলা কার্যালয়ে ব্লক স্তরের নেতৃত্বকে নিয়ে বৈঠক করে জেলা নেতৃত্ব
- যাঁরা দলে দীর্ঘদিন ধরে কোনও কাজ করছেন না কিংবা যাঁদের কাজকর্ম দল ঠিক বলে মনে করছে না তাঁদের সরিয়ে দেওয়ার বার্তা দেওয়া হয়েছে
- এক্ষেত্রে ব্লক সভাপতিরাই যে প্রাথমিক টার্গেট সেই ইঙ্গিতও মিলেছে
- ইতিমধ্যেই দলের শ্রমিক সংগঠনের জেলা সভাপতি পরিমল বর্মন ও যুব সভাপতি কমলেশ অধিকারীকে তাঁদের পদ থেকে সরানো হয়েছে

## টুকরো খবর

### প্রতিষ্ঠা দিবস

**জামালদহ, ২৬ জুন :** মেখলিগঞ্জ ব্লকের জামালদহে বৃহস্পতিবার যুব সংগঠন অল ইন্ডিয়া ডিওয়াইও'র ৬০তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। পাশাপাশি যোগ্য শিক্ষকদের অবিলম্বে কাজে ফেরানো, কেন্দ্র এবং রাজ্য সরকারের সমস্ত শূন্যপদে দ্রুত নিয়োগ, রাজ্যে মদ নিষিদ্ধ করা এবং দ্রুত এসএসসি পরীক্ষা নেওয়ার দাবিতে একটি মিছিল বাজার পরিক্রমা করে।

### মনোজের খোঁজ

**কোচবিহার, ২৬ জুন :** কোচবিহার-১ ব্লকের খারিজা ফুলেশ্বরী গ্রামে তৃণমূল নেতা মনোজ মোদকের বাড়িতে বোমাবাজির ঘটনায় এলাকায় গেলেন দলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক। বৃহস্পতিবার তিনি আক্রান্ত পরিবারের সঙ্গে দেখা করেন। অভিজিৎ বলেছেন, 'দল কোনও অন্যায়কে প্রশ্রয় দেয় না। এখানে দলের কেউ যুক্ত থাকলে তার বিরুদ্ধে পদক্ষেপ করা হবে।'

### ক্লাস সাসপেন্ড

**নিশিগঞ্জ, ২৬ জুন :** স্কুল ক্যাম্পাসে দুই পড়ুয়ার মদ্যপানের ঘটনায় বৃহস্পতিবার পরিচালন সমিতির বৈঠক অনুষ্ঠিত হল। নিশিগঞ্জ নিশিময়ী উচ্চবিদ্যালয়ের অভিযুক্ত দুই পড়ুয়াকে আগামী দুই মাসের জন্য ক্লাস থেকে সাসপেন্ড করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ২০ জুন স্কুলের মিড-ডে মিল খাওয়ার টেবিলে বসে ঠান্ডা পানীয়ের বোতলে ভরে মদ্যপানের অভিযোগ ওঠে দুই পড়ুয়ার বিরুদ্ধে।

### প্রশিক্ষণ

**ফেশ্যাবাড়ি, ২৬ জুন :** গোট ব্যাংক প্রকল্পে মহিলাদের স্বনির্ভর করে তুলতে একটি প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হল। বৃহস্পতিবার মাথাভাঙ্গা-২ ব্লকের ভোগমারায় গ্রামের শিবিরে উপস্থিত ছিলেন ব্লক প্রাণীসম্পদ বিকাশ আধিকারিক এসকে বিশ্বাস, ওরিয়েন্টাল ইনসুরেন্স কোম্পানির প্রবীরকুমার দে, সাতমাইল সতীশ ক্লাবের সম্পাদক অমল রায় প্রমুখ।

### কুমারীপুজো

**পারডুবি, ২৬ জুন :** বৃহস্পতিবার মাথাভাঙ্গা-২ ব্লকের পারডুবি গ্রাম পঞ্চায়েতের পূর্ব পারডুবির দোলাপাড়া সংলগ্ন এলাকায় স্থানীয়দের উদ্যোগে নিয়ম মেনে কামাখ্যাদেবীর পুজো ও কুমারীপুজো অনুষ্ঠিত হয়। এবার পুজো ৫৩ বছরে পা দিল। স্থানীয় বাসিন্দা তথা আয়োজকদের তরফে সন্তোষ বর্মন জানান, নিয়ম মেনে অম্বুবাচি শেষের পরের দিন এই পুজো হয়। পাশাপাশি পাঁচজন কুমারীকে নিয়ম মেনে পুজোও করা হয়। অনেকে মানত করে পুজোতে শামিল হন।

### কর্মীসভা

**জামালদহ, ২৬ জুন :** বৃহস্পতিবার বিকেলে রানিরহাটে গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত রানিরহাট বন্দরে সন্তানদলের একটি কর্মীসভা অনুষ্ঠিত হল। কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি ও উত্তরবঙ্গ কমিটির আহ্বায়ক সঞ্জিত দাস জানান, বালক ব্রহ্মচারী মহারাজের নির্বিকল্প সমাধির উপর আক্রমণ ও তথাকথিত অপারেশন সৎকারের প্রতিবাদে এই কর্মীসভা।

### মেলা স্থগিত

**নিশিগঞ্জ, ২৬ জুন :** এবার হচ্ছে না ৭৫ বছরের পুরোনো নিশিগঞ্জের রথের মেলা। শুক্রবার হাটবার পড়ায় নতুন বাজার প্রাঙ্গণে মেলা বসবে না। উলটোরথের দিন একদিনের মেলা হবে। কোচবিহারের রাজ ঐতিহ্য অনুসরণ করে নিশিগঞ্জে মদনমোহন দেবের রথযাত্রা ও মেলায় প্রতিবারই প্রচুর ভিড় হয়।

# বন্ধ বাড়িতে মহিলার কঙ্কাল
## নিখোঁজ স্বামী, রহস্য

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৬ জুন :** শিলিগুড়িতে ফের হাড়হিম কাণ্ড। বন্ধ বাড়িতে মিলল মহিলার কঙ্কাল। পুলিশের প্রাথমিক অনুমান, কঙ্কালটি বাড়ির মালকিন পাসাং ডোমা শেরপার (৫৭)। তবে তা নিশ্চিত হতে কঙ্কালটি ডিএনএ পরীক্ষার জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ।


বৃহস্পতিবার দেবীডাঙ্গার হিমকোর্স ভবন এলাকার এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। কঙ্কালটি কতদিন ধরে বাড়িতে পড়ে রয়েছে, সেটাও নিশ্চিত নয়। বাড়িটিতে পাসাংয়ের পাশাপাশি থাকতেন তাঁর দ্বিতীয় স্বামী ধনঞ্জয়কুমার ভগৎ। বাড়িটিও এখন তাঁর নামে। রহস্য বেড়েছে, ধনঞ্জয়ের হদিস না মেলায়।

প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার বলছেন, 'আমরা খুনের মামলা রুজু করেই তদন্ত শুরু করেছি। ডিএনএ রিপোর্টের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ করা হবে।'

পাসাং নিখোঁজ হয়েছিলেন প্রায় ১০ মাস আগে। সেসময় সিকিমের টেমি থানায় মিসিং ডায়েরিও করেছিলেন প্রথম পক্ষের ছেলে অশোক লিম্বু। কিন্তু তন্নতন্ন করে খুঁজেও হদিস মিলছিল না পাসাংয়ের। পরে অশোক জানতে পারেন, প্রধাননগর থানা এলাকার দেবীডাঙ্গায় পাসাংয়ের একটি বাড়ি রয়েছে। সেই কারণে চলতি বছরের জানুয়ারি মাসে প্রধাননগর থানাতেও একটি মিসিং ডায়েরি লেখান অশোক। যদিও বাড়ি ঠিক কোনটা, না চেনায় বিপদে পড়তে হয় তাঁকে। শেষমেশ বাড়িটি চিহ্নিত করে বৃহস্পতিবার ম্যাজিস্ট্রেটের ওয়ারেন্ট নিয়ে সিকিম পুলিশের সঙ্গে এখানে আসেন অশোক। প্রধাননগর থানার পুলিশও যৌথভাবে বাড়িটি চিহ্নিত করে।

বাড়িটির সামনে পৌঁছোতেই মেইন গেটে তালা দেখতে পায় পুলিশ। সেই তালা ভেঙে দ্বিতীয় তলায় ওঠার পরই বিছানায় নজরে আসে নরকঙ্কাল। গোটা ঘরটাই লন্ডভন্ড। প্রায় ২৫ বছর ধরে মায়ের সঙ্গে কোনও যোগাযোগ ছিল না অশোকের। যদিও ওই কঙ্কালের গায়ে জড়ানো পোশাকের ধরন দেখে অশোকের অনুমান, সেটা তাঁর মায়েরই। এদিন হাড়হিম দৃশ্য দেখে নিজেকে ঠিক রাখতে পারছিলেন না অশোক। কাঁদতে কাঁদতেই বারবার বলছিলেন, 'মায়ের মৃত্যুর তদন্ত হোক।'

টেমিতে পাসাংয়ের প্রথমপক্ষের স্বামীর বাড়ি। পরবর্তীতে পাসাংকে বিয়ে করেন ধনঞ্জয়। তাঁদের ১৩ বছরের এক সন্তানও রয়েছে। পাসাং নামচির একটি প্রাথমিক স্কুলে পড়াতেন। স্কুলে যাওয়া বন্ধ করার পাশাপাশি ফোনে তাঁকে না পাওয়া যাওয়ায় অগাস্টের মাঝামাঝিতে প্রথমপক্ষের বাড়িতে চিঠি পাঠায় স্কুল কর্তৃপক্ষ। বারবার চিঠি আসতে থাকায় সন্দেহ হয় অশোকের।



**ছোট্ট তারা**

মেঘনা বর্মন
তুফানগঞ্জ-১ ব্লকের খাসবস স্পেশাল ক্যাডার প্রাইমারি স্কুলের পঞ্চম শ্রেণির ছাত্রী। স্কুলের পড়াশোনা তো আছেই। তার সঙ্গে আবৃত্তি করে এলাকার সকলের নজর কেড়েছে এই খুদে।

### মাদকবিরোধী দিবস পালন

**কোচবিহার ব্যুরো**

**২৬ জুন :** বৃহস্পতিবার কোচবিহার জেলাজুড়ে পুলিশের তরফে মাদকবিরোধী দিবস পালন করা হল। এ নিয়ে রবীন্দ্র ভবনে একটি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তার আগে কোতোয়ালি ও পুণ্ডিবাড়ি থানার উদ্যোগে পৃথকভাবে সাইকেল র‍্যালি আয়োজিত হয়। তুফানগঞ্জ থানা ও তুফানগঞ্জ কলেজের যৌথ উদ্যোগেও অপর একটি র‍্যালি হয়েছে। অনুষ্ঠান মঞ্চ থেকে সাধারণ মানুষকে মাদক নিয়ে সচেতন করেন পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। ঘোকসাডাঙ্গাতেও মাদকবিরোধী দিবস উপলক্ষ্যে র‍্যালি বের করে পুলিশ। পাশাপাশি থানায় বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। শীতলকুচি থানার তরফে নগর ডাকালিগঞ্জ হাইস্কুলে মাদকের কুফল নিয়ে সচেতনতা শিবির ও অঙ্কন প্রতিযোগিতা করা হয়েছে। আবগারি ও মাথাভাঙ্গা পুলিশের উদ্যোগেও মাথাভাঙ্গা শহরের বিবেকানন্দ বিদ্যামন্দিরের ছাত্রছাত্রীদের নিয়ে একটি শিবির আয়োজিত হয়। এদিকে, মাদকবিরোধী দিবসে পুলিশের তরফে মাদক সংক্রান্ত অভিযানের বিভিন্ন তথ্য তুলে ধরা হয়েছে। চলতি বছরে জেলায় মাদক আইনে ১৯২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। মোট ১২৮টি মামলা করা হয়েছে। এছাড়া ৮৮০০ কেজি গাঁজা, ২ লক্ষ ১০ হাজার ১০৫টি ইয়াবা ট্যাবলেট সহ বহু কিছু বাজেয়াপ্ত হয়েছে।

### বৃক্ষরোপণ

**ফেশ্যাবাড়ি, ২৬ জুন :** বৃহস্পতিবার কোচবিহার-১ ব্লকের মোয়ামারিতে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হল। একটি গাছ একটি মায়ের জন্য এই স্লোগানকে সামনে রেখে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী ফরিদা পারভিন পড়ুয়া ও মহিলাদের নিয়ে বৃক্ষরোপণ করে এলাকায় সচেতনতার বার্তা দেন।

### রথমেলা

**ঘোকসাডাঙ্গা, ২৬ জুন :** রথযাত্রা উপলক্ষ্যে এবার প্রথম মাথাভাঙ্গা-২ ব্লকের কুশিয়ারবাড়িতে নয়দিনব্যাপী রথমেলা বসতে চলছে। ইতিমধ্যে বিদ্যালয়ের মাঠে নাগরদোলা, ড্রাগন ট্রেন সহ নানা রকমারি দোকান বসতে শুরু করেছে।

# জটিলতায় থমকে রাস্তা তৈরির কাজ

**সায়নদীপ ভট্টাচার্য**

**বক্সিরহাট, ২৬ জুন :** ১০০ মিটার কংক্রিটের রাস্তা তৈরির উদ্যোগ নিয়েছিল বিজেপি পরিচালিত বারকোদালি-১ গ্রাম পঞ্চায়েত। স্থানীয় ২ জন গ্রামবাসীর বাধায় ওই সরকারি কাজ আটকে রয়েছে। পাকা রাস্তার কাজ না হওয়ায় সামান্য বৃষ্টিতেই যাতায়াতে এই একমাত্র রাস্তা নিয়ে বিপাকে পড়ছেন ২৫টি পরিবারের শতাধিক বাসিন্দা। যদিও গ্রাম পঞ্চায়েত প্রধান সুদর্শন রায়ের দাবি ওই জমিটি খাসজমি। প্রশাসন উদ্যোগ না নিলে আন্দোলনে নামার হুমকি দিয়েছেন বাসিন্দারা।

বটতলা এলাকায় ২৫টি পরিবারের যাতায়াতের এই রাস্তা তাঁদের জন্মলগ্ন থেকেই কাঁচা। বৃষ্টিতে রাস্তায় কাদায় সাইকেলের চাকা আটকে যায়। ছোট থেকে বড় কেউ বেহাল রাস্তার কারণে স্কুলমুখী হতে চায় না। এই পরিস্থিতিতে অসুস্থ রোগীকে হাসপাতালে নিয়ে যেতে চরম অসুবিধায় পড়তে হয়। সম্প্রতি তাঁদের দাবি মতো ১০০ মিটার কংক্রিটের রাস্তা তৈরির উদ্যোগ নেয় গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ।



জলকাদায় রাস্তা পেরোচ্ছে পড়ুয়ারা। - সংবাদচিত্র

স্থানীয় পরিমল বর্মনের বক্তব্য, 'সরকারিভাবে ওই রাস্তার কাজ শুরু হতেই তাতে বাধা দেন হরিষ বর্মন ও হংস বর্মন নামে দুই ভাই।' সমস্যা মেটাতে সুদর্শন আলোচনায় বসলেও সমস্যা মেটেনি বলে জানিয়েছেন গ্রামের অপর এক বাসিন্দা গোপীনাথ সরকার। হংসরা রাস্তাটি তাঁদের বলে দাবি করে নানানভাবে সমস্যা তৈরি করছেন বলে তাঁর অভিযোগ।

যদিও ওই জায়গাটি তাঁদেরই বলে দাবি করেছেন হংস বর্মনের ছেলে সৌভাগ্য বর্মন। তাঁর দাবি, 'সরকার দেখাক রাস্তাটি আমাদের সম্পত্তি না, সরকারি সম্পত্তি। আমরা নিজেদের সম্পত্তিতে পাকা রাস্তা করতে দেব না।'

সমস্যা সমাধান না হওয়ায় সুদর্শন বিডিওর সঙ্গে যোগাযোগ করেন। কিন্তু প্রশাসনের তরফে কোনওরকম সহযোগিতা পাননি বলে অভিযোগ তুলেছেন সুদর্শন। সুদর্শন অভিযোগ তুলে জানিয়েছেন, তৃণমূল পরিচালিত পঞ্চায়েত হলে এই সমস্যা হত না।

### ট্রাক ওনার্স-এর সাধারণ সভা

**চ্যাংরাবান্ধা, ২৬ জুন :** চ্যাংরাবান্ধা ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের ভবনে বৃহস্পতিবার সন্ধ্যায় অ্যাসোসিয়েশনের সাধারণ সভা অনুষ্ঠিত হল। যা কার্যত বিক্ষোভে পরিণত হয়। ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক আবদুল সামাদ বলেন, 'আগে ভুটান থেকে আমাদের ট্রাক মালিকদের ১২ চাকার ট্রাকে পণ্য এনে বাংলাদেশে রপ্তানি করা হত। কিন্তু বর্তমানে কিছু অসাধু ব্যবসায়ী বাইরের গাড়িতে পণ্য রপ্তানি করছে। ফলে স্থানীয় ট্রাকচালকরা বঞ্চিত হচ্ছেন। বাইরের থেকে আসা ট্রেলারের কাগজপত্র ঠিক নেই বলে আমরা জানতে পেরেছি।' বিষয়টি নিয়ে অবিলম্বে চ্যাংরাবান্ধার সুবিধা পোর্টাল থেকে শুরু করে মেখলিগঞ্জের এসডিও এবং কোচবিহারের জেলা শাসকের দ্বারস্থ হওয়ার কথাও এদিন জানানো হয়েছে।

# শ্রমিক স্বার্থে চার দল একজোট

**চ্যাংরাবান্ধা, ২৬ জুন :** সম্প্রতি দু'দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের অবনতি হওয়ার পর স্থলবন্দরের মাধ্যমে বাংলাদেশ থেকে ভারতবর্ষে প্রায় ১৯ রকমের পণ্য আমদানি নিষিদ্ধ করেছে ভারত সরকার। এই কারণেই চ্যাংরাবান্ধা আন্তর্জাতিক স্থলবন্দরে ব্যবসা-বাণিজ্যে ভাটা দেখা দিয়েছে। এই স্থলবন্দরের ওপর যাঁরা নির্ভর করেন, সেইসব সাধারণ মানুষের রুজিরোজগার কার্যত বন্ধ। কর্মহীন হয়ে পড়েছেন বহু শ্রমিক। তাঁদের স্বার্থ রক্ষায় কংগ্রেস, ফব, তৃণমূল, সিপিএম সব দলের শ্রমিক সংগঠন একজোট হল। বৃহস্পতিবার চ্যাংরাবান্ধায় আইএনটিইউসি, টিইউসিসি, আইএনটিটিইউসি ও সিটু-এই চারটি শ্রমিক সংগঠনের নেতৃত্ব বৈঠকে বসে।




এদিন সেই বৈঠকে উপস্থিত ছিলেন আইএনটিইউসির রাজ্য সভাপতি মহম্মদ কামারুজ্জামান কামাল সহ অন্য নেতারা, টিইউসিসির পক্ষ থেকে অরবিন্দ রায়, আইএনটিটিইউসির রহিম মহম্মদ, সিটুর তোফিয়ার রহমানের মতো নেতারা।

মহম্মদ কামারুজ্জামান বলেন, 'চ্যাংরাবান্ধার শ্রমিকদের রুজিরোজগার বন্ধ। তাঁরা কী করবেন, বুঝতে পারছেন না। কী করে সংসার চালাবেন তাঁরা? এই অবস্থায় সব শ্রমিক সংগঠনের পক্ষ থেকে কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েলের কাছে প্রস্তাব পাঠানো হবে যাতে পুনরায় চ্যাংরাবান্ধা আন্তর্জাতিক স্থলবন্দরের কার্যক্রম আগের মতো ফিরিয়ে নিয়ে আসা হয়।'

সেই সুরে সুর মিলিয়ে টিইউসিসির অরবিন্দ বলেন, 'রাজনীতির রং দেখে নয় শ্রমিকের পেটে ভাতের জন্য আমরা একজোট হয়ে লড়াই করব। ভারত সরকার অবিলম্বে যাতে এ বিষয়ে পদক্ষেপ করে সেটাই দেখা হবে।'



নদীর জল বাড়ায় এভাবেই পার হচ্ছেন বাসিন্দারা। - সংবাদচিত্র

# সুটুঙ্গা পারাপারে চরম ভোগান্তি

**বুল নমদাস**

**নয়ারহাট, ২৬ জুন :** স্থানীয় প্রশাসনের চরম উদাসীনতার খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। স্থানীয় মরা সুটুঙ্গা নদী পারাপারের কোনও মাধ্যম না থাকায় বাধ্য হয়ে এক কোমর জল ভেঙে এপার-ওপার করতে হচ্ছে এলাকার মানুষকে। বৃহস্পতিবার এমন ছবিই নজরে পড়ল মাথাভাঙ্গা-১ ব্লকের শিকারপুর গ্রাম পঞ্চায়েতের বড়দোলায়। স্থানীয়দের একাংশের বক্তব্য, দীর্ঘদিন ধরে নদীর ওপর পাকা সেতু নির্মাণের দাবি উঠছে। কিন্তু দাবিপূরণ দূরের কথা, নদী পারাপারে সাঁকো তৈরিতেও স্থানীয় প্রশাসনের কোনও সদিচ্ছা নেই। বর্তমানে জল ভেঙে যাতায়াত চললেও জলস্তর আরও বেড়ে গেলে ওই পথে যাতায়াত পুরোপুরি বন্ধ হওয়ার আশঙ্কা করছেন বাসিন্দারা। তবে দ্রুত সাঁকো তৈরির উদ্যোগ নেওয়া হচ্ছে বলে শিকারপুর গ্রাম পঞ্চায়েত প্রধান দীপিকা বর্মন জানিয়েছেন।

বড়দোলা, গাদলেরকুঠি সহ পার্শ্ববর্তী এলাকার বেশিরভাগ বাসিন্দা ওই পথেই শিকারপুর, প্রেমচাঁদেরহাট, বিডিও অফিস সহ অন্যত্র যাতায়াত করেন। এলাকার পড়ুয়ারাও ওই পথে যাতায়াত করে। শুখা মরশুমে কোনওরকম যাতায়াত চললেও বর্ষায় নদীর জল বেড়ে যাওয়ায় ভোগান্তি চরমে ওঠে। বাধ্য হয়ে অনেকেই ঘুরপথে যাতায়াত করছেন। কেউ আবার জল ভেঙে নদী পার হচ্ছেন। স্থানীয় বাসিন্দা চন্দন বর্মন বললেন, 'গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে আগে নদীর ওপর সাঁকো নির্মাণ করা হত। দুই বছর হল সাঁকো নেই। ফলে নদী পারাপারে এলাকার মানুষকে নিদারুণ যন্ত্রণা ভোগ করতে হচ্ছে।' স্বদেশ বর্মন, দেবারু বর্মনদেরও একই সুর। স্বদেশের বক্তব্য, 'বৃহত্তর স্বার্থেই সাঁকো তৈরি করা প্রশাসনের উচিত।' তবে তৃণমূলের সংশ্লিষ্ট অঞ্চল সভাপতি নিত্যজিৎ বর্মনের প্রতিক্রিয়া, 'গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত সেখানে সাঁকোর ব্যবস্থা করা হচ্ছে।'

ভোট আসে ভোট যায়। রাজনীতির রং পালটায়। কিন্তু এলাকার মানুষের নদী পারাপারের যন্ত্রণা ঘোচে না বলে অভিযোগ। দীর্ঘদিন ধরে দাবি উঠলেও সেখানে পাকা সেতুর দাবি আজও অধরা। নিদেনপক্ষে সাঁকো তৈরিতেও স্থানীয় প্রশাসনের উদ্যোগ না থাকায় এলাকায় ক্রমশ ক্ষোভ বাড়ছে। তৃণমূল নেতা শাহিন আলম বলেন, 'বিশেষ করে পড়ুয়াদের স্বার্থেই দ্রুত সেখানে সাঁকো তৈরি করা উচিত।'

# নতুন কায়দায় মোবাইল অ্যাপে প্রতরণা

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৬ জুন :** নতুন কায়দায় মোবাইল অ্যাপে চিটফান্ডের নয়া ফাঁদ। বিনিয়োগের ওপর দৈনিক রিটার্নের মোটা অঙ্কের টোপ নিয়ে হাজির হয়েছে মোবাইল অ্যাপ নির্ভর পনজি স্কিমের চিটফান্ড। এ যাত্রায় দ্রুত টাকা উপার্জনের টোপের মোড়কে রয়েছে শেয়ার ট্রেডিং। যদিও ওই অ্যাপ থেকে ট্রেডিং করা অসম্ভব। ওপরের মোড়ক আধুনিক হলেও ভেতরের গল্পটা সেই পুরোনো। সেই জয়েনিং, ইনভেস্ট, আরও লোককে একই কায়দায় জয়েন করানো, তাঁদের ইনভেস্ট করানো এবং তার থেকে নিজের ইনকাম এবং টিমের ইনকাম। এক্ষেত্রে নতুন টোপ বলতে একেবারে বিনিয়োগের পরদিন থেকেই হাতেগরম মুনাফা।

মেরেকেটে মাস পাঁচেক হল উত্তরবঙ্গে জাল বিছিয়েছে মোবাইল নির্ভর নতুন এই চিটফান্ডের কারবার। ইতিমধ্যেই এতে জড়িয়ে পড়েছেন সমাজের নানা ক্ষেত্রের নানা পেশার মানুষ। জলপাইগুড়ি জেলায় শিক্ষক থেকে সরকারি কর্মীদের একাংশও অ্যাপ নির্ভর নতুন এই বিনিয়োগ চক্রের মূল পান্ডা হিসেবে কাজ করছেন বলে অভিযোগ। গোটা স্কিম বুঝিয়ে যিনি নতুন লোক দলে যোগ করছেন তিনি পাচ্ছেন সরাসরি নীচের লোকেদের বিনিয়োগের ওপর ১০ শতাংশ কমিশন। তার ওপরের লোকেরা যথাক্রমে ৩ ও ২ শতাংশ হারে কমিশন পাচ্ছেন। এভাবে দলে একটা নির্দিষ্ট সংখ্যায় লোক জড়ো হয়ে গেলে মিলছে ১০০০ টাকা থেকে ১০০০০০ টাকা পর্যন্ত মাসিক বেতন। এর বাইরে রয়েছে বিশেষ পারফরমেন্স বোনাস। প্রত্যক্ষ এই তিন আয়ের বাইরে সরাসরি বিনিয়োগে আয়ের টোপ রীতিমতো চোখধাঁধানো। এজন্য অ্যাপে রয়েছে হরেক রকমের স্কিম। অনলাইন অ্যাপের মাধ্যমে যেমন সেইসব স্কিমে বিনিয়োগ করা যাচ্ছে তেমনি প্রতিদিনের মুনাফাও ঢুকছে ব্যাংক অ্যাকাউন্টে। এভাবেই প্রতিদিন উত্তরবঙ্গের একেকটি জেলা থেকে লাখ লাখ টাকা বিনিয়োগ হচ্ছে নতুন এই বিনিয়োগ ফাঁদে।

জলপাইগুড়ি জেলার বহু মানুষ এখনও পর্যন্ত এই অ্যাপের ফাঁদে পা দিয়ে ফেলেছেন। লগ্নি করা এক ব্যক্তির কথায়, 'মাসখানেক হল আমি ৬০০০ টাকা লগ্নি করি। রোজ আমার অ্যাকাউন্টে টাকা ঢোকে।'

সর্বনিম্ন দু'দিন থেকে সর্বাধিক ৩৬৫ দিনের জন্য দৈনিক নিশ্চিত লাভের বিনিময়ে টাকা লগ্নি করা যাচ্ছে ওই অ্যাপে। একেবারে ন্যূনতম স্কিমে দু'দিনের জন্যে ৩০০ টাকা লগ্নি করলে দৈনিক ৩০ টাকা মুনাফা মিলছে। অ্যাপে বলা "লক আপ পিরিয়ড" শেষে ফেরত মিলছে লগ্নির অঙ্কও। একইভাবে ৫ দিনের জন্য ৯৯০ টাকা লগ্নিতে রোজ মিলছে ৪০ টাকা। একই কায়দায় ৯০ দিনের জন্য ২০ হাজার টাকা লগ্নিতে দৈনিক মিলছে ৬৬০ থেকে ৬৮০ টাকা। ৫০ হাজার টাকা ১২০ দিনের জন্য লগ্নিতে মিলছে দৈনিক ১২০০ টাকা। আবার একই পরিমাণ টাকা ১৫০ দিনের জন্য রাখলে দৈনিক মিলছে ১৭০০ টাকা। ছয় হাজার টাকা ৪০ দিনের জন্য জমা রাখলে দৈনিক মিলছে ১৭৪ টাকা। ১০০০০০ টাকা ১৬০ দিনের জন্য বিনিয়োগে রোজ মিলছে ৩৩০০ টাকা। একইভাবে ওই স্কিমে এক কোটি টাকা ৩৬৫ দিন বা এক বছরের জন্যে বিনিয়োগ করলে রোজ মিলছে এক ১০০০০০ টাকা। সব মিলে যা হিসেব দাঁড়ায় তাতে গড়ে ২৬ থেকে ২৯ দিনে লগ্নি দ্বিগুণ করার টোপ দিয়েই দেদারে টাকা তুলছে ওই অ্যাপ স্কিমের পান্ডারা।

সম্প্রতি এমনই এক বাজারচলতি অ্যাপে টাকা লগ্নির টোপ পাওয়া ধূপগুড়ির এক ব্যবসায়ী বলেন, 'প্রথমে পরিচিত একজন আমার মোবাইল ফোন থেকে আমাকে বিষয়টি দেখায়। কম সময়ে এত মুনাফা দেখে আমিও মৌখিক আগ্রহ দেখাই। পরদিনই দুজন স্কুল শিক্ষক সহ এক টিম আমার বাড়িতে পৌঁছে যায়। তাদের বক্তব্য অনুসারে পুরোটাই নাকি শেয়ার বাজারের খেলা। তাই এত কম সময়ে এত মুনাফা। আমার প্রথম সন্দেহ হয় যখন আইফোন অ্যাপটি খুলতে দিচ্ছিল না।

**লোভের ফাঁদ**

- দৈনিক রিটার্নের মোটা অঙ্কের টোপ নিয়ে হাজির মোবাইল অ্যাপ নির্ভর পনজি স্কিমের চিটফান্ড
- দ্রুত টাকা উপার্জনের টোপের মোড়কে রয়েছে শেয়ার ট্রেডিং
- সরাসরি বিনিয়োগে আয়ের টোপ রীতিমতো চোখধাঁধানো




## ছোট্ট তারা



সন্দীপ্তা মোদক দিনহাটা সারদা শিশুতীর্থের তৃতীয় শ্রেণির ছাত্রী। ছবি আঁকতে সে ভালোবাসে। আবৃত্তি ও নাচে তার একাধিক পুরস্কার রয়েছে।

## জলের ব্যবস্থা

**কোচবিহার, ২৬ জুন :** কোচবিহার স্টেডিয়ামে খেলোয়াড়দের জন্য ঠান্ডা পানীয় জলের মেশিন বসাল জেলা ক্রীড়া সংস্থা। বহুদিন ধরেই স্টেডিয়ামে পানীয় জলের ব্যবস্থা ঠিকমতো ছিল না বলে অভিযোগ। সংস্থার সচিব সুব্রত দত্ত বলেছেন, 'অনেকদিন ধরেই পানীয় জলের ব্যবস্থা করার দাবি ছিল। এই ব্যবস্থা হওয়ায় সকলেরই সুবিধা হবে।'

## রথের বাস

**কোচবিহার, ২৬ জুন :** রথযাত্রা উপলক্ষ্যে ভলভো বাসের পরিষেবার পাশাপাশি দিঘাগামী বেশ কয়েকটি বাস পরিষেবা চালু করল উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম। বৃহস্পতিবার কলকাতা থেকে দিঘার উদ্দেশ্যে ২টি বাস চলবে। পাশাপাশি, শুক্রবার কলকাতা থেকে দিঘাগামী ৩টি এবং শিলিগুড়ি থেকে দিঘাগামী ১টি বাস চলবে। এছাড়া, শনিবার এবং রবিবার রায়গঞ্জ, কোচবিহার, আলিপুরদুয়ার থেকে দিঘাগামী কিছু বাস ছাড়বে।

## অভিযান

**মাথাভাঙ্গা, ২৬ জুন :** বৃহস্পতিবার মাথাভাঙ্গা মহকুমা শাসকের দপ্তরের পক্ষ থেকে মহকুমা হাসপাতাল সংলগ্ন এলাকায় বিভিন্ন ওষুধের দোকানে অভিযান চালানো হয়। দপ্তরের আধিকারিকরা ওষুধের দোকানের নথি খতিয়ে দেখার পাশাপাশি সরকারি নিয়ম মেনে দোকানগুলি চলছে কি না তা খতিয়ে দেখেন। মহকুমা প্রশাসন জানিয়েছে, অভিযানে বেশ কিছু দোকানে অনিয়ম ধরা পড়েছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

| | | |
|---|---|---|
| **■ এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল** | | |
| এ পজিটিভ | - | ২ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ১ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ০ |
| এবি নেগেটিভ | - | ২ |
| ও পজিটিভ | - | ১ |
| ও নেগেটিভ | - | ০ |
| **■ মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল** | | |
| এ পজিটিভ | - | ৭ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ১০ |
| বি নেগেটিভ | - | ১ |
| এবি পজিটিভ | - | ৫ |
| এবি নেগেটিভ | - | ২ |
| ও পজিটিভ | - | ২০ |
| ও নেগেটিভ | - | ১ |
| **■ দিনহাটা মহকুমা হাসপাতাল** | | |
| এ পজিটিভ | - | ৯ |
| এ নেগেটিভ | - | ২ |
| বি পজিটিভ | - | ৩ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ১৮ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ৩ |
| ও নেগেটিভ | - | ২ |



*রথযাত্রার আগে পরিবারের ছোটদের জন্য কেনাকাটা। গুঞ্জবাড়ি মোড়ে। ছবি : জয়দেব দাস*

## দিনহাটা হাসপাতালে নেই বিশ্রামাগার

# পরিজনের রাত কাটে গাছতলায়

অমৃতা দে

**দিনহাটা, ২৬ জুন :** সিতাইয়ের চামটা এলাকা থেকে দিনহাটা মহকুমা হাসপাতালে স্ত্রীকে চিকিৎসা করাতে এসেছেন হাসানোর রহমান। হাসপাতাল থেকে বাড়ির দূরত্ব প্রায় ২৫ কিলোমিটার। তিনি সিদ্ধান্ত নেন হাসপাতালেই থেকে যাবেন। হাসপাতালে কোনও বিশ্রামাগার না থাকায় হাসপাতালের সামনেই গাছতলায় রাত কাটিয়ে দিচ্ছেন।

শুধু হাসানোরই নন, রতন, রিমা ইকবালরাও হাসপাতালে চিকিৎসা করাতে রোগীর সঙ্গে এসে এভাবেই দিনের পর দিন কাটিয়ে দিচ্ছেন বট গাছের তলায়। হাসানোর বলেন, 'বসার কোনও জায়গা না থাকায় এখানে বসেই সময় কাটাতে হচ্ছে। অসুবিধা হলেও কোনও উপায় নেই।'

আগে একটি বিশ্রামাগার ছিল। সেটি পরিত্যক্ত অবস্থায় পড়ে সেখানে হাসপাতালের রক্ষণাবেক্ষণে থাকা পুলিশের আউটপোস্ট তৈরি করা হয়েছে। এখন আর কোনও বিশ্রামাগার নেই হাসপাতাল চত্বরে।

৩০০ সজ্জাবিশিষ্ট দিনহাটা মহকুমা হাসপাতালে প্রতিনিয়ত রোগীর ভিড় লেগেই থাকে। দূরদূরান্ত থেকে রোগীর যেসব আত্মীয় আসেন তাঁদের বসার জন্য কোনও ব্যবস্থা সুপারস্পেশালিটি এই হাসপাতালে নেই। বট গাছের তলায় বসে রোগীর এক আত্মীয় রুমনা খাতুন বললেন, 'রাতবিরেতে আমাদের অপেক্ষা করতে অসুবিধা হয়। সেই কারণে অসুবিধা থাকলেও গভীর রাতে প্রায় ১৫ কিলোমিটার দূরে নয়ারহাটের বাড়িতেই ফিরে যেতে হয়।'

সুপারস্পেশালিটি হাসপাতাল হওয়া সত্ত্বেও এখানে কেন বিশ্রামাগার নেই, সেই প্রশ্ন তুলেছেন অনেকেই। বিশ্রামাগার না থাকার কারণেই হাসপাতালে ঢোকার মুখেই বটতলায় দেখা যায় রোগীর আত্মীয়পরিজনদের ভিড়। কেউবা শুয়ে বিশ্রাম নিচ্ছেন গাছতলায়, আবার কেউ বসে গল্প করছেন। বহির্বিভাগে বসার জায়গা থাকলেও দিনের বেলা রোগীদের ভিড় থাকায় সেখানে বসা যায় না। রাতে আত্মীয়পরিজন সেখানে বিশ্রাম নেন।

ওকরাবাড়ি গ্রামের বাসিন্দা পুলকিত রায় জানান, 'অনেক দূরে বাড়ি হওয়ার কারণে পরিবারের কেউ অসুস্থ হলে হাসপাতালে রাত কাটাতে হয়। থাকার জায়গা না থাকায় রাতে ঘোরাঘুরি করে অথবা বটতলায় বসেই কাটাতে হয়।'

পুরো বিষয়টি শোনার পর দিনহাটা মহকুমা হাসপাতালের সুপার ডাঃ রণজিৎ মণ্ডল বলেন, 'বিশ্রামাগারের জন্য আবেদন করা হয়েছে। এখনও অ্যাপ্রুভাল আসেনি। তবে খুব শীঘ্রই বিশ্রামাগার তৈরি হবে হাসপাতাল চত্বরে।'



*দিনহাটা হাসপাতালে পরিজনদের আশ্রয়স্থল বটতলা। -সংবাদচিত্র*

### বটতলায় প্রতীক্ষা

- ■ ৩০০ সজ্জার দিনহাটা হাসপাতালে প্রতিনিয়ত রোগীর ভিড় লেগেই থাকে
- ■ দূরদূরান্ত থেকে আসা পরিজনদের বিশ্রামের ব্যবস্থা এই হাসপাতালে নেই
- ■ হাসপাতালে ঢোকার মুখেই বটতলায় দেখা যায় রোগীর পরিজনদের ভিড়
- ■ পরিজনদের কেউ শুয়ে বিশ্রাম নিচ্ছেন গাছতলায়, আবার কেউ বসে গল্প করছেন

# জলমগ্ন হওয়ার শঙ্কায় কলেজপাড়া

অমিতকুমার রায়

**হলদিবাড়ি, ২৬ জুন :** অপরিকল্পিত ও অপর্যাপ্ত নিকাশিনালার জেরে চলতি বর্ষায় ফের জলমগ্ন হওয়ার আশঙ্কা করছে হলদিবাড়ি পুরসভার কলেজপাড়া। ফি বছর বর্ষায় এলাকাটি প্লাবিত হওয়াতেই এই আশঙ্কা। প্রতি বছর বর্ষার দিনগুলিতে তাঁদের চরম ভোগান্তিতে পড়তে হলেও এই সমস্যা সমাধানে কেউ এগিয়ে আসেনি বলে বাসিন্দাদের অভিযোগ। খোদ পুর চেয়ারম্যান এই এলাকার কাউন্সিলার। কিন্তু তাতেও পরিস্থিতির উন্নতি হয়নি বলে অভিযোগ। তবে শহরের অন্য জায়গার তুলনায় এলাকাটি নীচু হওয়ার জন্য এমন পরিস্থিতি, সাফাই পুর কর্তৃপক্ষের।

বর্ষা শুরু হতেই জলমগ্ন হওয়ার আশঙ্কা কলেজপাড়ায়। নাগরিকদের অভিযোগ, বর্ষায় সামান্য বৃষ্টি হলেই বসতি এলাকায় জলে জমে যায়। বৃষ্টির জল ঘরের ভিতরে ঢুকে যায়। জলে ডুবে যায় পানীয় জলের উৎস। নালার নোংরা দূষিত জলে জেরবার হতে হয় তাঁদের। হাঁটুপর্যন্ত জল মাড়িয়ে এলাকায় প্রবেশ করতে হয়। যদিও এখানে জল দাঁড়িয়ে যাওয়ার ঘটনা নতুন নয়। ১০ নম্বর ওয়ার্ডের এই সমস্যা মেটানোর আশ্বাস মিলছে বাম আমল থেকে। সে সময় থেকে মাস্টার প্ল্যানের কথা শোনা গেলেও, আজও তা ফাইলবন্দি হয়ে রয়েছে। যা নিয়েও ক্ষোভ রয়েছে বাসিন্দাদের মধ্যে। তৃণমূল বোর্ডের আমলেও এ বিষয়ে কোনও সদর্থক পদক্ষেপ চোখে পড়ছে না বলে অভিযোগ স্থানীয়দের।

কলেজপাড়ার বাসিন্দা দিলীপ রায়ের অভিযোগ, 'এলাকার কাউন্সিলার পুরসভার চেয়ারম্যান। অথচ এলাকায় নেই সুষ্ঠু নিকাশি ব্যবস্থা। ফলে ফি বছর বর্ষায় এলাকায় জল আটকে থাকার ঘটনা ঘটছে। রাস্তা সহ বাড়িতে হাঁটুসমান কোনও ক্ষেত্রে কোমরজল জমে থাকে। একবার জল জমলে তা বের হওয়ার উপায় থাকে না।' এলাকার তরুণ বাবুন ঘোষ বলেন, 'আবর্জনা মিশ্রিত জলে এলাকার পরিবেশ দূষিত হচ্ছে। বিষাক্ত পোকামাকড়ের উপদ্রব বৃদ্ধি পায়। জলের উৎস নোংরা জলের তলায় ডুবে যায়।' স্থানীয় রাহুল রায়ের কথায়, 'এই এলাকার জমা জল কালীবাড়ির বড় নালা দিয়ে বেরিয়ে যাওয়ার কথা। কিন্তু সেই নালায় পৌঁছানোর সংযোগকারী নালা ভেঙে রয়েছে। সংস্কারের উদ্যোগ নেওয়া হয়নি। তাছাড়াও জল নির্গমনের ঢালু জায়গায় প্রাক্তন কাউন্সিলারের তরফে সীমানা প্রাচীর তৈরি করে দেওয়া হয়েছে। ফলে এবছরও সমস্যা হবে।'

এমন পরিস্থিতির জন্য অবশ্য কংগ্রেসের বোর্ডকেই দুষছেন ভাইস চেয়ারম্যান অমিতাভ বিশ্বাস। তিনি বলছেন, 'কংগ্রেস বোর্ডের আমলে শহরের যত্রতত্র অপরিকল্পিতভাবে নিকাশিনালা তৈরি করা হয়েছিল। তার জেরেই ভুক্তে হচ্ছে শহরবাসীদের। তবে হলদিবাড়ি পুরসভার চেয়ারম্যান শংকরকুমার দাসের বক্তব্য, 'ওই এলাকার ভূমিঢাল অত্যন্ত নীচু। তাই বর্ষায় জল জমে। তবে সমস্যা সমাধানে ওই এলাকায় হাইড্রেন তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।'

### ফাইলবন্দি

- ■ পরিকল্পিত নিকাশিনালার অভাবে ফি বছর জল জমে কলেজপাড়ায়
- ■ খোদ পুর চেয়ারম্যানের ওয়ার্ডের এমন দুর্ভোগে উঠছে পরিষেবা নিয়ে প্রশ্ন
- ■ বাম আমলের মাস্টার প্ল্যান তৃণমূলের জমানাতেও ফাইলবন্দি

## পরিদর্শন

**কোচবিহার, ২৬ জুন :** বৃহস্পতিবার পুলিশ ও প্রশাসনের একটি দল মদনমোহনবাড়ি ও গুঞ্জবাড়ি এলাকা পরিদর্শন করে। সেখানকার নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখা হয়। সদর মহকুমা শাসক কুণাল বন্দ্যোপাধ্যায় বলেন, 'শুক্রবার ৪টা ১৫ নাগাদ মদনমোহনের পুজো ও অঞ্জলি হবে। ৪টা ৩০-এ রথে চেপে গুঞ্জবাড়ির উদ্দেশ্যে রওনা দেবেন মদনমোহন।'

## ছাত্রীদের র‍্যালি

**তুফানগঞ্জ, ২৬ জুন :** আন্তর্জাতিক অলিম্পিক দিবস উপলক্ষ্যে কোচবিহার জেলা উশু অ্যাসোসিয়েশনের উদ্যোগে ইলাদেবী উচ্চ বালিকা বিদ্যালয়ের অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রীদের নিয়ে বৃহস্পতিবার একটি র‍্যালি হয়। উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশনের সভাপতি সত্যেন বর্মন, সম্পাদক অপূর্ব মণ্ডল সহ শিক্ষিকারা।

# আইসিইউয়ের দাবি

শুভ্রজিৎ বিশ্বাস

**মেখলিগঞ্জ, ২৬ জুন :** সংকটজনক অবস্থায় কোনও রোগীকে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে এলে তাঁদের উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল বা জলপাইগুড়ির সুপারস্পেশালিটি হাসপাতালে রেফার করে দেওয়া হয়। মূলত হাসপাতালে আইসিইউ না থাকায় রোগীদের প্রাথমিক চিকিৎসা করার পর আর কোনও পরিষেবা দেওয়া যায় না। এর ফলে একদিকে রোগীর আত্মীয়পরিজনদের চরম হয়রানির শিকার হতে হয়। অন্যদিকে, অনেক সময় রোগীকে উন্নত চিকিৎসার জন্য অন্য জায়গায় নিয়ে যাওয়ার সময় পথেই মৃত্যু ঘটে। তাই মেখলিগঞ্জবাসী মহকুমা হাসপাতালে আইসিইউ চালু করার দাবি জানিয়েছেন।

এবিষয়ে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের সুপার তাপস দাস বলেন, 'হাসপাতালে আইসিইউ চালু হলে সাধারণ মানুষকে আরও উন্নত পরিষেবা দেওয়া যাবে। তাই আইসিইউ চালু করার প্রস্তাব আমাদের হাসপাতালের পক্ষ থেকে জেলা মারফত কলকাতায় পাঠানো হয়েছে।' হাসপাতালের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান পরেশচন্দ্র অধিকারী বলেন, 'বিষয়টি নিয়ে স্বাস্থ্য দপ্তরের ডিরেক্টর ও মন্ত্রীর কাছে ফাইল দেওয়া হয়েছে। বিষয়টির ওপর আমরা নজর রেখেছি।'

মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ১২০টি শয্যা রয়েছে। এই মহকুমার লক্ষাধিক মানুষ চিকিৎসার জন্য এই হাসপাতালের ওপরে ভরসা করেন। কেউ দুর্ঘটনায় গুরুতরভাবে আহত হয়ে কেউ আবার হার্টের গুরুতর সমস্যার মতো বিভিন্ন রোগ নিয়ে বহু মানুষ মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে আসেন।

মেখলিগঞ্জ মূলত কৃষিপ্রধান এলাকা হওয়ায় অধিকাংশ পরিবারের কাছে রোগীকে সঙ্গে সঙ্গে জলপাইগুড়ি নিয়ে যাওয়ার মতো টাকা থাকে না। মেখলিগঞ্জের ব্লকের বাসিন্দা শ্যামলচন্দ্র বর্মন বলেন, 'মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে যে হারে রোগীর চাপ বাড়ছে তাতে প্রায়ই সংকটজনক পরিস্থিতিতে অনেক রোগী হাসপাতালে আসেন। কিন্তু বেশিরভাগ সময় তাঁদের প্রাথমিক চিকিৎসা করার পর ভালো চিকিৎসার জন্য অন্য জায়গায় নিয়ে যেতে হয়। এক্ষেত্রে মানসিকভাবে বিধ্বস্ত রোগীর পরিবারকে আরও হয়রান হতে হয়।'

# এই পথ যদি না শেষ হয়...

বিশ্বজিৎ সাহা

**মাথাভাঙ্গা, ২৬ জুন :** মাথাভাঙ্গা শহরের রাস্তাঘাটের বেহাল দশায় নাজেহাল শহরবাসী। দীর্ঘদিন ধরে শহরের নানা গুরুত্বপূর্ণ রাস্তা ভাঙাচোরা অবস্থায় পড়ে থাকলেও পুরসভার কোনও সক্রিয়তা নেই। মানুষ কবে এই দুর্ভোগ থেকে মুক্তি পাবেন, তা নিয়ে চিন্তিত। যদিও পুরসভার ভাইস চেয়ারম্যান বিশ্বজিৎ সাহা আশা করছেন, 'দুর্গাপুজোর আগে রাস্তার সংস্কার শুরু হবে।'

মাথাভাঙ্গা শহরের বাসিন্দা সুমন সাহা বলেন, 'দীর্ঘদিন শহরের রাস্তাঘাট সংস্কার না হওয়ায় মাথাভাঙ্গা শহরকে মনে হচ্ছে যেন অভিভাবকহীন।'

ভাঙা ও গর্তে ভরা রাস্তাগুলি দিয়ে প্রতিদিন ঝুঁকি নিয়ে যাতায়াত করতে বাধ্য হচ্ছেন স্থানীয় বাসিন্দারা, স্কুল-কলেজ পড়ুয়া থেকে শুরু করে রোগী ও প্রবীণরাও। দুর্ঘটনার আশঙ্কাও ক্রমশ বেড়ে চলেছে। শহরের বাসিন্দা চিকিৎসক বিশ্বজিৎ সাহা বলেন, 'বাড়ির সামনের রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল হয়ে পড়ে রয়েছে। সংস্কারের কোনও উদ্যোগ নেই।'

সিপিএম মাথাভাঙ্গা শহর এরিয়া কমিটির সম্পাদক অসিত দাস বলেন, 'রাস্তাঘাট সহ বেশ কিছু সমস্যা নিয়ে পুরসভার চেয়ারম্যানের কাছে ডেপুটেশন দেওয়া হয়েছিল। সে সময় চেয়ারম্যানকে ৩ মাস সময় দেওয়া হয়েছিল সমস্যা সমাধানের জন্য। অথচ সমস্যার সমাধান হয়নি। সেজন্য জুলাই মাসে ফের চেয়ারম্যানের সঙ্গে দেখা করে কেন সমস্যার সমাধান হল না তা জানতে চাওয়া হবে।' বিজেপি নেতা মনোজ ঘোষ বলেন, 'পুরসভা নাগরিক পরিষেবা দিতে ব্যর্থ। এবার সমস্যা সমাধানে পুরসভার সামনে ধর্নায় বসা হবে।'

ভাইস চেয়ারম্যান বিশ্বজিৎ সাহা জানান, শহরের মূল রাস্তাগুলির সংস্কার সংক্রান্ত পরিকল্পনা মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টে পাঠানো হয়েছে অর্থ অনুমোদনের জন্য। প্রায় ২ কোটি টাকার প্রকল্প অর্থ অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। অর্থ বরাদ্দ পেলেই রাস্তা সংস্কারের কাজ শুরু হবে।

তবে কবে সেই অর্থ বরাদ্দ হবে, আর কবে শহরবাসী স্বস্তি পাবেন তা নিয়ে সংশয় থেকেই যাচ্ছে। সাধারণ মানুষ চাইছেন, সমস্যা নিয়ে বাস্তবিক সমাধানের পথে এগোক পুরসভা।



*সংস্কারের অভাবে মাথাভাঙ্গার বেহাল রাস্তা।*

> দীর্ঘদিন শহরের রাস্তাঘাট সংস্কার না হওয়ায় মাথাভাঙ্গা শহরকে মনে হচ্ছে যেন অভিভাবকহীন।
> - সুমন সাহা



